জনকণ্ঠ

৭৬

তারিখ 14 NOV 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

## মাধ্যমিক পর্যায়ে-

# কৃষি শিক্ষাকে বাধ্যতামূলক করা হচ্ছে

**কাওছার রহমান**

সরকার ১৯৯৪ সাল থেকে মাধ্যমিক পর্যায়ে কৃষি বিষয়কে বাধ্যতামূলক করার ব্যাপারে নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছে। এ সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদনের জন্য শীঘ্রই মন্ত্রিপরিষদের বৈঠকে উত্থাপন করা হবে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, মাধ্যমিক পর্যায়ে কৃষি বিষয়কে বাধ্যতামূলক করার ব্যাপারে সরকার সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত একটি প্রস্তাব ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবটি বর্তমানে

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## কৃষি শিক্ষাকে

(প্রথম পৃষ্ঠার পর)

মন্ত্রিপরিষদের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। মন্ত্রিপরিষদের অনুমোদন পেলে ১৯৯৪ সাল থেকেই মাধ্যমিক পর্যায়ের পাঠ্য বিষয়ে কৃষি বিষয়কে বাধ্যতামূলক হিসাবে অন্তর্ভুক্ত করা হবে বলে জানা গেছে।

সূত্র জানায়, ১৯৯৪ সাল থেকে যাতে কৃষি বিষয় পড়ানো হতে পারে, সেদিকে লক্ষ্য রেখে পাঠ্য পুস্তক প্রণয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে টেক্সট বুক বোর্ড কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ পাঠ্য পুস্তক প্রণয়নের কাজ ইতোমধ্যে শুরু করেছেন বলে জানা গেছে। সূত্র মতে, বাংলাদেশের প্রেক্ষাপটে কৃষির উন্নয়নের সার্বিক দিক বিবেচনা করেই পাঠ্য পুস্তক প্রণয়ন করা হচ্ছে। অন্তর্ভুক্ত অধ্যায়সমূহের মধ্যে রয়েছে চাষাবাদ, ডেইরি, পোলট্রি, পরিবেশ, বনায়ন, সেরিকালচার ইত্যাদি। একজন ছাত্র পড়াশোনার পর কৃষিকে যাতে পেশা হিসাবে গ্রহণ করে স্ব-কর্ম সংস্থান করতে পারে সেদিকে লক্ষ্য রেখেই কৃষি বিষয় বাধ্যতামূলক করা হচ্ছে বলে সূত্র জানায়।